

শিক্ষার্থীদের মেধা উন্নয়নে কোচিং সেন্টারকে আরও গঠনমূলক ভূমিকা রাখতে হবে ॥ সেমিনার

‘বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় কোচিংয়ের বর্তমান ও ভবিষ্যত গতিধারা’ শীর্ষক এক সেমিনার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পত্রিকা কার্যালয়ে মঙ্গলবার সকালে অনুষ্ঠিত হয়। এতে মুখ্য আলোচক ও প্রধান অতিথি ছিলেন শিক্ষা প্রতিমন্ত্রী আনিস এছানুল হক মিলন, বিশেষ আলোচক ছিলেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হাফিজ জি এ সিদ্দিকী, ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. বজলুল মবিন চৌধুরী, দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ড. মুহম্মদ আয্যহার উদ্-দীনসহ বেশ কয়েকজন প্রথিতযশা শিক্ষাবিদ ও শিক্ষা উদ্যোক্তা। মডারেটর হিসাবে দায়িত্ব পালন করেন স্বাগতিক প্রতিষ্ঠান ‘বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস’-এর সম্পাদক এম. হেলাল।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, কোচিংয়ের জন্য হয়েছে কিছু শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষকদের অবহেলার কারণে। তারা যদি ক্লাসে ঠিকমতো পাঠদান করতেন তাহলে কোচিং সেন্টার এত ঢালাওভাবে গড়ে উঠত না। তাই যেমনি কোচিংয়ের প্রয়োজনীয়তা রয়েছে তেমনই শিক্ষার্থীদের মেধা উন্নয়নেও কোচিং সেন্টারগুলোকে আরও

গঠনমূলক ভূমিকা রাখতে হবে। আলোচকগণ বলেন, স্কুল-কলেজের ছাত্ররা ক্লাসে ঠিকমতো পঠন-পাঠন পাচ্ছে না। ফলে তারা শিক্ষার চাহিদা মেটাতে কোচিং সেন্টারের দ্বারস্থ হচ্ছে। অন্যদিকে কোচিং সেন্টার থেকেও ছাত্ররা যথাযথ শিক্ষা পাচ্ছে না। অর্থাৎ ছাত্ররা সাজেশানভিত্তিক শিক্ষা নিয়ে তাদের সৃজনশীল মেধার বিকাশ ঘটাতে পারছে না।

তারা বলেন, কোচিং সেন্টারের শিক্ষা ব্যবস্থায় যেসব দুর্বলতা রয়েছে তা দূর করে একটা নীতিমালার আওতায় নিয়ে আসা প্রয়োজন। এজন্য বিশিষ্ট শিক্ষাবিদদের দ্বারা একটি কমিটি গঠন করতে হবে।

‘বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস’ পত্রিকার ২০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত মতবিনিময় সভায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের তিসি, ট্রেজারার, রেজিস্ট্রার, কলেজ অধ্যক্ষ, শিক্ষা উদ্যোক্তা, বাংলাদেশ কোচিং এ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ এবং বিভিন্ন কোচিং সেন্টারের প্রতিষ্ঠাতা/পরিচালকদের সমন্বয়ে অনুষ্ঠিত সেমিনারে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রফেসর ড. এএম সাদউল্লাহ, প্রফেসর কাজী ফারুক আহমেদ, অধ্যক্ষ নাজির উদ্দিন আহমেদ, প্রফেসর মোঃ মোসলেম আলী, লায়ন নজরুল ইসলাম, প্রফেসর মোঃ খুরশিদ আলম, অধ্যক্ষ মোবিনা খাতুন, অধ্যক্ষ সাহিদুল নাহার, অধ্যক্ষ মাহফুজুল হক, কোচিং এ্যাসোসিয়েশনের সভাপতি এমএ হালিম টিটো ও সাধারণ সম্পাদক মোঃ আহসান হাবিব, সরকার এমএ হানিফ, কামরুজ্জামান বাবু, মোঃ ইমাদুল হক, মোস্তাফিজুর রহমান, একেএম শামসুল আলম, আশরাফ-উল-আলম প্রমুখ। বিজ্ঞপ্তি।